

‘আন্তঃবিশ্ববিদ্যালয় দাবা প্রতিযোগিতা ২০১৮’-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন



ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ এবং বার্জার-এর যৌথ উদ্যোগে ৭-১১ নভেম্বর (২০১৮) ‘আইইউবি-বার্জার আন্তঃবিশ্ববিদ্যালয় দাবা প্রতিযোগিতা ২০১৮’ বিশ্ববিদ্যালয়ের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় দল অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় দল ১৪ পয়েন্টের মধ্যে ১৪ পয়েন্ট অর্জন করে। প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নেতৃত্ব দেন ২০১২-১৩ শিক্ষাবর্ষের বিবিএ (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগ) ছাত্রী রুমানা ফেরদৌস। এছাড়া রুমানা ফেরদৌস ব্যক্তিগতভাবে সবগুলো ম্যাচে জয় লাভ করে এবং সর্বোচ্চ ৭ পয়েন্ট অর্জন করে ‘সেরা বোর্ড প্লেয়ার’ নির্বাচিত হয়।

উল্লেখ্য, প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়, বুয়েট, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ব্র্যাক ইউনিভার্সিটি, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, আইইউবি, প্রাইমাসিয়া ইউনিভার্সিটি, স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি, লিবারেল আর্ট ইউনিভার্সিটিসহ মোট ১৬ বিশ্ববিদ্যালয়ের ৯৬ জন খেলোয়াড় অংশগ্রহণ করে।